দৈনিক ইনকিলাব

তারিখ 10 FEB 1989
পৃষ্ঠা ... কলাম ...

ডকুমেন্টেশন কেন্দ্র



প্রেসিডেন্ট এরশাদ গতকাল প্রেসিডেন্টের সচিবালয়ে বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যদের উদ্দেশে ভাষণ দেন

## ভাইস-চ্যান্সেলরদের সাথে বৈঠকে প্রেসিডেন্ট

# শিক্ষার মান উন্নয়ন ও পরিবেশ ফিরিয়ে আনুন

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বিশ্ববিদ্যালয় শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার আহবান জানিয়েছেন। খবর বাসস'র।

গতকাল প্রেসিডেন্টের সচিবালয়ে বিশ্ববিদ্যালয় ভাইস-চ্যান্সেলরদের উদ্দেশে ভাষণকালে প্রেসিডেন্ট যথাসময়ে ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষাবর্ষ নিয়মিতকরণের নির্দেশ দেন।

বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর প্রেসিডেন্ট এরশাদ বিশ্ববিদ্যালয়সমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্যে বিশ্ববিদ্যালয়গুলোর

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## প্রেসিডেন্ট

প্রথম পৃষ্ঠার পর

সার্বিক প্রশাসনকে সুসমন্বিত করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, কোন প্রকার বিশৃংখলা বরদাশত করা হবে না।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এম, এ, বারী, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ, এইচ, এফ, কে, সাদিক, পরিকল্পনা কমিশনের সদস্য কাজী ফজলুর রহমান, শিক্ষা সচিব জনাব হেদায়েত আহমদ ও অর্থ সচিব এম, কে, আনোয়ার এ সময় উপস্থিত ছিলেন।

শিক্ষার মান ও সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের ভাবমূর্তি উন্নয়ন এবং শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রচেষ্টায় সরকার প্রয়োজনীয় সহায়তা দেবেন বলে প্রেসিডেন্ট আশ্বাস দেন। তিনি ভাইস চ্যান্সেলরদের কাছ থেকে এ ব্যাপারে সুনির্দিষ্ট সুপারিশ আহ্বান করেন।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিজেদের কোন বিতর্কিত বিষয়ে জড়িয়ে ফেলা বা কারো চাপের কাছে মাথা নত করা উচিত নয়। এ প্রসঙ্গে তিনি বলেন, শিক্ষাঙ্গন থেকে সংকীর্ণ দলীয় রাজনীতি উৎখাত করার লক্ষ্যে ক্ষমতাসীন দলের ছাত্র শাখাকে বিলুপ্ত করা হয়েছে।

তিনি বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষদের বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক প্রতিষ্ঠিত নিয়োগবিধি কঠোরভাবে অনুসরণের নির্দেশ দেন। প্রেসিডেন্ট বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সুষ্ঠু কার্য পরিচালনার প্রয়োজনীয়তার উপর জোর দেন।

অনুষ্ঠানে বক্তৃতাকালে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এম, এ, বারী ছাত্র ভর্তি, শিক্ষার মান; প্রশাসনিক ও অন্যান্য বিষয়ে বিশ্ববিদ্যালয়গুলোর সমস্যার উপর আলোকপাত করেন।